দৈনিক জনকণ্ঠ

তারিখ ... 14 JUL 1997 ...
পৃষ্ঠা ... ১৫ কলাম ... ২ ......

12

# মাদ্রাসা শিক্ষা বোর্ডের দাখিল পরীক্ষার ফল প্রকাশ ॥ পাসের হার ৬৮ দশমিক ২০

জনকণ্ঠ রিপোর্ট

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডের ১৯৯৭ সালের দাখিল পরীক্ষার ফলাফল রবিবার প্রকাশিত হয়েছে। চারটি বিভাগের সম্মিলিতভাবে পাসের হার শতকরা ৬৮ দশমিক ২০ ভাগ। বিভাগওয়ারী পাসের হার সাধারণ বিভাগে শতকরা ৬৬ দশমিক ৯৯ ভাগ, বিজ্ঞান বিভাগে ৮৪ দশমিক ৯৪ ভাগ, মুজাব্বিদ বিভাগে ৬১ দশমিক ৬৬ ভাগ এবং হিফজুল কোরান বিভাগে ৭৫ ভাগ।

এ বছর মার্চ মাসে দাখিল পরীক্ষা অনুষ্ঠিত হয়। চারটি বিভাগ থেকে মোট ১,০৪,৬৪১ জন ছাত্রছাত্রী এ পরীক্ষায় অংশগ্রহণ করে। এর মধ্যে সাধারণ বিভাগ থেকে ৯৬,০১৯ জন, বিজ্ঞান বিভাগ থেকে ৭,৪১৮ জন, মুজাব্বিদ বিভাগ থেকে ১,১৯২ জন এবং হিফজুল কোরান বিভাগ থেকে ১২ জন অংশ নেয়। পাসকৃতদের মধ্যে ২২,৫৯০ জন প্রথম বিভাগে, ৪৪,৮২৩ জন দ্বিতীয় বিভাগে এবং ৩,৯৫৪ জন তৃতীয় বিভাগে উত্তীর্ণ হয়। বিভাগওয়ারী ফলাফলে দেখা যায় সাধারণ বিভাগ থেকে মোট ৯৬,০১৯ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে প্রথম বিভাগে ১৮,৫৫২ জন, দ্বিতীয় বিভাগে ৪১,৮৯২ জন, তৃতীয় বিভাগে ৩,৮৭৮ জনসহ মোট ৬৪,৩২২ জন উত্তীর্ণ হয়।

বিজ্ঞান বিভাগ থেকে মোট ৭,৪১৮ জন পরীক্ষার্থী অংশ নেয়। এর মধ্যে প্রথম বিভাগে ৩,৭৯৪ জন, দ্বিতীয় বিভাগে ২,৪৪৭ জন, তৃতীয় বিভাগে ৬০ জনসহ মোট ৬,৩০১ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়। মুজাব্বিদ বিভাগ থেকে অংশ নেয় মোট ১,১৯২ জন। উত্তীর্ণ হয় মোট ৭৩৫ জন। এর মধ্যে প্রথম বিভাগে ২৩৬ জন, দ্বিতীয় বিভাগে ৪৮৩ জন এবং তৃতীয় বিভাগে ১৬ জন। হিফজুল কোরান বিভাগ থেকে অংশ নেয় মোট ১২ জন পরীক্ষার্থী। এর মধ্যে ৮ জন প্রথম বিভাগ ও ১ জন দ্বিতীয় বিভাগসহ মোট ৯ জন পরীক্ষার্থী উত্তীর্ণ হয়।